User Manual
www.OmicronLab.com

User Manual

for

Avro Keyboard 4

Author: Mehdi Hasan

Second Edition - 26th March, 2007
Revised Edition – 20th February, 2006
First Edition – 9th February, 2006

Avro Keyboard: http://www.omicronlab.com/avro-keyboard.html
Online Forum: http://www.omicronlab.com/forum/
OmicronLab: http://www.omicronlab.com/
Author: mhasan@omicronlab.com

Copyright © OmicronLab. All Rights Reserved.

Creating / Editing Fixed Keyboard Layouts

অভ্র কীবোর্ড এর সাথে যে ফিক্সড কীবোর্ড লেআউটগুলো এসেছে সেগুলো পরিবর্তনযোগ্য। এছাড়াও আপনি আপনার ব্যবহারের জন্য নিজের মত কীবোর্ড লেআউট তৈরী করে নিতে পারবেন। এজন্য আপনাকে অভ্র কীবোর্ড এর সাথে যে **"Layout Editor"** টি এসেছে তা ব্যবহার করতে হবে। একেবারে নতুন ব্যবহারকারীরাও স্বচ্ছন্দে এবং খুবই কম সময়ে যাতে তাদের পছন্দমত বাংলা কীবোর্ড লেআউট তৈরী করতে পারেন, সেভাবেই এটির ডিজাইন করা হয়েছে।

কীবোর্ড লেআউট সম্পর্কিত সাধারণ জ্ঞানঃ

কীবোর্ড লেয়ারঃ অভ্র কীবোর্ড চারটি স্ট্যান্ডার্ড কীবোর্ড লেয়ার সাপোর্ট করে -

Normal - এই লেয়ারে আপনি Shift Key/Caps Lock ছাড়া টাইপ করেন। ইংরেজিতে লেখার সময় এই লেয়ারে "ছোট হাতের অক্ষর" (abcd…) লেখা হয়।

Shift - এই লেয়ারে আপনি শিফট (Shift) কী চেপে টাইপ করেন। ইংরেজী QWERTY লেআউট এ Q থেকে P, A থেকে L, Z থেকে M কীগুলোর জন্য Caps Lock শিফট (Shift) কী এর কাজ করে। ইংরেজিতে লেখার সময় এই লেয়ারে "বড় হাতের অক্ষর" (ABCD…) লেখা হয়।

AltGr - ইংরেজী ছাড়া অন্য ভাষাগুলো (যেগুলোতে হরফের সংখ্যা ইংরেজীর মত ২৬টি নয়, আরো অনেক বেশি) কম্পিউটার এ লেখার সুবিধার্থে এই অতিরিক্ত কীবোর্ড লেয়ার তৈরী করা হয়েছে। আপনি Ctrl+Alt চেপে AltGr কীবোর্ড লেয়ার এর বর্ণসমূহ লিখতে পারেন।

Shift+AltGr - এই লেয়ারের বর্ণগুলো লেখার জন্য আপনাকে Shift+Ctrl+Alt এর সাথে কোন কী চাপতে হবে।

আপনার পছন্দমত কীবোর্ড লেআউট তৈরী করতে চাইলে নিচের থেকে পড়া শুরু করুন।

Layout Editor চালু করাঃ কোন নতুন কীবোর্ড লেআউট লেআউট তৈরী করতে চাইলে, অথবা কোন কীবোর্ড লেআউট পরিবর্তন করতে চাইলে আপনাকে প্রথমেই **Layout Editor** চালু করতে অবে। নিচের মেনু থেকে আপনি **Layout Editor** চালু করতে পারেনঃ



Layout Editor চালু হওয়ার পর তা নিচের মত উইন্ডো নিয়ে আসবেঃ



Layout Editor এর বিভিন্ন অংশের বর্ণনাঃ

কীবোর্ড:

> এই কীবোর্ডটি একটি কীবোর্ড লেয়ার এ বিভিন্ন কী (**Key**) তে যেসব বর্ণ বসানো হয়েছে, বা এখনো বসানো হয়নি, তা প্রদর্শন করে।

> এখানে ক্লিক করে আপনি সরাসরি কোন কী (**Key**) তে এক বা একাধিক বর্ণ বসাতে পারবেন।



> আইকনটি নির্দেশ করে ঐ কী (**Key**) তে কোন পরিবর্তন করা হয়নি। আপনি চাইলে কোন কী’তে কোন পরিবর্তন নাও করতে পারেন। আপনার দৃষ্টি আকর্ষণের জন্য আইকনটি দেয়া হয়েছে।

> নরমাল এবং শিফট লেয়ার এর কোন কী’তে পরিবর্তন না করলে, অভ্র কীবোর্ড এর বাংলা কীবোর্ড মোড এ লেখার সময় ঐ কী এর ইংরেজী লেআউট এ যে বর্ণ/প্রতীক আছে তাই বসবে। যেমন, আপনি হয়ত / ? কী’টিতে কোন বর্ণ বসাননি। সেক্ষেত্রে অভ্র কীবোর্ড এ বাংলা কীবোর্ড মোডে নরমাল লেয়ারে / এবং শিফট লেয়ারে ? লেখা হবে।

> **AltGr** এবং **Shift+AltGr** লেয়ারের কোন কী’তে পরিবর্তন না করলে অভ্র কীবোর্ড এর বাংলা কীবোর্ড মোডে কোন বর্ণ বসবে না।

কীবোর্ড লেয়ারঃ

> এখান থেকে আপনি চারটি ভিন্ন কীবোর্ড লেয়ার এর যেকোনটি সিলেক্ট করতে পারবেন। **Layout Editor** এর কীবোর্ডটি তখন আপনার সিলেক্ট করা লেয়ার এ বিভিন্ন কী (**Key**) তে যেসব বর্ণ আছে তা প্রদর্শন করবে, এবং আপনি ইচ্ছেমত তাদের পরিবর্তন করতে পারবেন।

> আপনি সরাসরি কীবোর্ড এর **Shift** কী এর উপর ক্লিক করেও শিফট লেয়ারে যেতে পারেন। তেমনিভাবে ডানপাশের **Alt** কী এর উপর ক্লিক করলে **AltGr** লেয়ার চালু হবে।

Layout Viewer এর জন্য ছবিঃ

অভ্র কীবোর্ড এর **Layout Viewer** এ দেখার জন্য আপনার কীবোর্ড লেআউটটির দুইটি ছবি আপনাকে তৈরী করতে হবে। একটি ছবিতে আপনি নরমাল এবং শিফট লেয়ার এ কোন কী তে কোন বর্ণ রেখেছেন তা দেখাবেন, অন্যটিতে **AltGr** এবং **Shift+AltGr** এর ছবি দেখাবেন। ছবি দুটি তৈরী শেষ হলে নিচের মত এদের **Layout Editor** কে দেখিয়ে দিতে হবেঃ

আপনি চাইলে একটি খালি (**Blank**) কীবোর্ডের ছবি ডাউনলোড করে নিতে পারেন, যার উপরে আপনি লেআউটের বিভিন্ন বর্ণ বসাবেন। এখান থেকে ডাউনলোড করুনঃ

http://www.omicronlab.com/go.php?id=20

কীবোর্ড লেআউটের বর্ণনাঃ

About this layout অংশে কীবোর্ড লেআউট এর নাম, ভার্শন, আপনার নাম, এবং আরো কিছু লিখতে চাইলে মন্তব্য লিখুন।



আপনার তৈরী প্রথম কীবোর্ড লেআউট:

Layout Editor দিয়ে একটি কীবোর্ড লেআউট তৈরীতে আপনার কাজ শুধু কোন কী’তে কোন বর্ণ বসবে তা নির্দিষ্ট করে দেয়া। কীবোর্ড লেআউট তৈরী হয়ে গেলে অভ্র কীবোর্ডের সমস্ত বৈশিষ্ট্য এতে নিজ থেকেই যুক্ত হবে (যেমন, হসন্ত + কার/মাত্রা লিখলে মূল স্বরবর্ণ লেখা হবে), এজন্য আপনাকে আলাদা কোন কোড লিখতে হবে না, বা অন্য কিছু করতে হবে না।

ধাপ ১:

আপনি যদি ইতিমধ্যে **Layout Editor** এ কোন পরিবর্তন করে থাকেন তাহলে **New...** বাটনে ক্লিক করুন। **“Discard all changes?”** মেসেজ দেখালে **“Yes”** বাটিনে ক্লিক করুন। **Layout Editor** সম্পূর্ণ নতুন একটি লেআউট বানানোর জন্য প্রস্তুত হয়ে যাবে।

ধাপ ২:

নতুন কীবোর্ড লেআউটটির একটি নাম দিন, ভার্সন লিখুন, আপনার নাম লিখুন।



ধাপ ৩:

এবার কীবোর্ড এর নরমাল, শিফট, **AltGr**, **Shift+AltGr** লেয়ারগুলোতে পছন্দমত বর্ণ লিখুন। আপনি প্রয়োজন না থাকলে **AltGr**, **Shift+AltGr** লেয়ারগুলো বাদ দিতে পারেন।

প্রতিটি কী'তে ক্লিক করলে লেখার জন্য বক্স আসবে। লেখা শেষ হলে এন্টার দিন। একটি কী'তে একটি অথবা একাধিক বর্ণ বসানো সম্ভব। এভাবে প্রয়োজনমত কীবোর্ডটি সম্পূর্ণ করুন।



আপনি এসব কীতে লেখার জন্য সরাসরি অভ্র কীবোর্ড ব্যবহার করতে পারেন, সেই সাথে উইন্ডোজ এর সাথে যে ক্যারেক্টার ম্যাপ টুল আছে সেটিও ব্যবহার করতে পারেন। ক্যারেক্টার ম্যাপ ব্যবহার করার জন্য **Start Menu > Run > charmap.exe** লিখে চালু করুন। তারপর ফন্ট থেকে **Siyam Rupali** বাছাই করুন। এখানে কোন বর্ণের উপর ডাবল ক্লিক করে, তারপর কপি করে কোন কী এর উপর পেস্ট করতে পারেন। নিচের ছবিটি দেখুনঃ



ধাপ ৪:

এবার আপনার কীবোর্ডের ছবি কোন ইমেজ এডিটর ব্যবহার করে তৈরী করুন, যেখানে কোন কী’তে আপনি কোন বর্ণ/বর্ণসমূহ বসিয়েছেন তা দেখানো আছে। আপনাকে নরমাল এবং শিফট কীবোর্ড লেয়ার এর জন্য একটি এবং **AltGr** এবং **Shift+AltGr** লেয়ার এর জন্য আলাদা একটি ইমেজ বানাতে হবে। এই ছবিটি আপনি অভ্র কীবোর্ড এর লেআউট ভিউয়ার এর সাহায্যে দেখতে পারবেন।



আপনি চাইলে একটি খালি (**Blank**) কীবোর্ডের ছবি ডাউনলোড করে নিতে পারেন, যার উপরে আপনি লেআউটের বিভিন্ন বর্ণ বসাবেন। এখান থেকে ডাউনলোড করুনঃ

http://www.omicronlab.com/go.php?id=20

ধাপ ৫:

আপনার কীবোর্ড লেআউট তৈরীর কাজ শেষ!
এবার ফাইলটি সেভ করতে হবে। নিচের অংশে দেখিয়ে দিন লেআউটটি কোন ফোল্ডারে সেভ করবেন। তারপর **Build** বাটনে ক্লিক করুন।

মনে রাখবেন, অভ্র কীবোর্ড তখনই আপনার তৈরী কীবোর্ড লেআউট ব্যবহার করতে পারবে যখন আপনি এটিকে অভ্র কীবোর্ড এর ইন্সটলেশন ফোল্ডার এর ভেতরে **Keyboard Layouts** নামে যে ফোল্ডার আছে, সেটিতে সেভ করবেন। সাধারণত এই ফোল্ডারটি থাকে এভাবেঃ **C:\Program Files\Avro Keyboard\Keyboard Layouts**

কীবোর্ড লেআউট পরীক্ষা করে দেখাঃ

অভ্র কীবোর্ড যদি চালু থাকে তাহলে বন্ধ করে আবার চালু করুন। আপনার সেভ করা লেআউটটি অভ্র কীবোর্ড এ দেখতে পাবেন। বাংলা কীবোর্ড মোডে গিয়ে আপনার কীবোর্ড লেআউট দিয়ে টাইপ করে দেখুন।

একইভাবে আপনি অভ্র কীবোর্ড এর সাথে যেসমস্ত কীবোর্ড লেআউট এসেছে সেগুলো পরিবর্তন করতে পারবেন। এজন্য কীবোর্ড লেআউট এডিটর এর **“Load Layout”** বাটনে ক্লিক করুন, তারপর যেকোন একটি লেআউট বাছাই করে উপরের নিয়মেই এডিট করুন।

কিছু সাধারণ তথ্যঃ

কোন কী’তে -

রেফ বসাতে চাইলে - র্ (র + হসন্ত) লিখুন

র-ফলা বসাতে চাইলে - ্র (হসন্ত + র) লিখুন

য-ফলা বসাতে চাইলে - ্য (হসন্ত + য) লিখুন

যদি আপনার কোন প্রশ্নের জবাব এইখানে খুঁজে না পান তবে যে কোন সময় **OmicronLab Online Forum** এ জিজ্ঞেস করতে পারেন।
ঠিকানাঃ **http://www.omicronlab.com/forum**